

## এস ও এস হারম্যান মেইনার কলেজ ঢাকা

### ২০১৮ শিক্ষাবর্ষে ১ম শ্রেণিতে ভর্তি সংক্রান্ত বিজ্ঞপ্তি

এস ও এস হারম্যান মেইনার কলেজ ঢাকা ২০১৮ শিক্ষাবর্ষে ১ম শ্রেণিতে ৬০ (ষাট)টি আসনে লটারীর মাধ্যমে ছাত্র/ছাত্রী ভর্তি করা হবে। উক্ত লটারী ২ (দুই) স্তরে অনুষ্ঠিত হবে :

- (১) প্রাথমিক লটারী (২) চূড়ান্ত লটারী

#### ০১। প্রাথমিক লটারী :

আবেদনপত্র জমার পর নির্ধারিত তারিখ ও সময়সূচী অনুযায়ী অভিভাবকদের উপস্থিতিতে প্রাথমিক লটারী অনুষ্ঠিত হবে।

#### ০২। চূড়ান্ত লটারী :

প্রাথমিক লটারীর মাধ্যমে নির্বাচিত শিশুদের অভিভাবকসহ সাক্ষাৎকার এর জন্য নির্ধারিত তারিখে উপস্থিত থাকতে হবে। উক্ত সাক্ষাৎকারের পর নির্বাচিত শিশুদের অভিভাবকদের উপস্থিতিতে চূড়ান্ত লটারী অনুষ্ঠিত হবে। শুধুমাত্র চূড়ান্ত লটারীর মাধ্যমে নির্বাচিত শিশুরাই ১ম শ্রেণিতে ভর্তির জন্য বিবেচিত হবে।

#### আবেদনকারীর জন্য গুরুত্বপূর্ণ তথ্য :

- ০৩। ভর্তিচ্ছুক শিশুর বয়স : ৬ + বৎসর (শিশুর জন্ম ২০১১ সালের ১ লা জানুয়ারী থেকে ৩১ ডিসেম্বর - এর মধ্যে হতে হবে)

- ০৪। ক) নিম্নলিখিত কোটা অনুযায়ী আসন নির্ধারণ করা হবে।

i) ক্যাচমেন্ট এলাকা	৪০%	আসন সংখ্যা -	২৪টি
ii) মুক্তিযোদ্ধা পোষ্য	৫%	আসন সংখ্যা -	৩টি
iii) শিক্ষা মন্ত্রণালয়	২%	আসন সংখ্যা -	১টি
iv) লিল্লাহ বোর্ডিং	১%	আসন সংখ্যা -	১টি
v) সাধারণ (কোটার বাইরে)	৪২%	আসন সংখ্যা -	২৫টি
vi) গরিব পরিবার	১০%	আসন সংখ্যা -	৬টি

#### আসন সংখ্যা

#### মোট ৬০টি

খ) আবেদন পত্রে ক্যাচমেন্ট এরিয়ার (৪নং ওয়ার্ড, ঢাকা উত্তর সিটি করপোরেশন) কোটার জন্য **CQ**, মুক্তিযোদ্ধা কোটার জন্য **FQ**, শিক্ষা মন্ত্রণালয়ের কোটার জন্য **EQ**, লিল্লাহ বোর্ডিং এর কোটার জন্য **LQ**, সাধারণ ছাত্র-ছাত্রীদের (কোটার বাইরে) জন্য **GQ** এবং গরিব পরিবারের কোটার জন্য **PQ** উল্লেখ করতে হবে।

গ) সকল কোটায় আবেদন করার জন্য শিক্ষার্থীর জন্মনিবন্ধন সনদের সত্যায়িত কপি এবং পিতা-মাতার জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত কপি সহ স্ব-স্ব/প্রযোজ্য ক্ষেত্রে নিম্নলিখিত কাগজপত্র জমা দিতে হবে :

(অপর পৃষ্ঠা দ্রষ্টব্য)

- \* **CQ** কোটার জন্য
  - i) ওয়ার্ড কাউন্সিলর এর প্রত্যয়ন পত্র
  - ii) সিটি করপোরেশনের হোল্ডিং ট্যাক্স এর সত্যায়িত কপি
  - iii) বাড়ির বিদ্যুৎ/পানি/টেলিফোন বিল এর সত্যায়িত কপি
- \* **FQ** কোটার জন্য মুক্তিযোদ্ধা সনদপত্রের সত্যায়িত কপি
- \* **EQ** কোটার জন্য শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক অনুবিভাগ থেকে প্রত্যয়ন পত্র
- \* **LQ** কোটার জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষের সনদপত্র/প্রত্যয়ন পত্র
- \* **GQ** কোটার জন্য শুধু শিক্ষার্থীর জন্মনিবন্ধন সনদের সত্যায়িত কপি এবং পিতা-মাতার জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত কপি
- \* **PQ** কোটার জন্য অভিভাবকের মাসিক আয়ের সনদপত্র

০৫। একজন শিক্ষার্থী শুধুমাত্র ১টি কোটায় আবেদন করতে পারবে।

০৬। কোটা নির্বাচনে ভুল হলে পরবর্তীতে সংশোধনের কোন সুযোগ থাকবে না।

০৭। ভর্তির আবেদন ফরম বিতরণ : ০২ ডিসেম্বর (শনিবার) হতে ০৯ ডিসেম্বর (শনিবার) ২০১৭  
(শুক্রবার ব্যতীত) (সকাল ৯ টা হতে দুপুর ১ টা পর্যন্ত)

০৮। ভর্তির আবেদন ফরম এর মূল্য : ২০০ (দুইশত) টাকা

০৯। একজন অভিভাবককে একটির অধিক ভর্তির আবেদন ফরম দেয়া হবে না।

১০। ভর্তির আবেদন ফরমের সাথে ৩ কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত রঙিন ছবি জমা দিতে হবে।

১১। ভর্তির আবেদন ফরম জমা : ০৬ ডিসেম্বর (বুধবার)- ২০১৭ হতে ১১ ডিসেম্বর (সোমবার)-  
২০১৭ (সকাল ৯ টা হতে দুপুর ১টা পর্যন্ত)

১২। প্রাথমিক লটারী, সাক্ষাৎকার এবং চূড়ান্ত লটারীর তারিখ ও সময়সূচী প্রকাশঃ  
১৮ ডিসেম্বর ২০১৭ (সোমবার) দুপুর ১২ ঘটিকা

ভর্তি সংক্রান্ত যে কোন বিষয়ে কলেজ কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচিত হবে।

অনিবার্য কারণবশত উক্ত সময়সূচী পরিবর্তন হতে পারে।

বিশেষ দ্রষ্টব্যঃ দরিদ্র পরিবারের মেধাবী শিক্ষার্থীরা বিনা বেতনে পড়ার সুযোগ পাবে।



প্রফেসর তসলিম উদ্দিন

অধ্যক্ষ

এস ও এস হারম্যান মেইনার কলেজ ঢাকা

তারিখঃ ঢাকা, ৩০ নভেম্বর ২০১৭।